জীবননগর সীমান্ত ইউনিয়নে রাস্তা সংস্কার করলেন জামায়াতের নেতাকর্মীরা

চুয়াডাঙ্গায় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন জামায়েত ইসলামের উদ্যোগে এক কিলোমিটার রাস্তা সংস্কার করা হয়েছে।ইউনিয়নের ২নং ওয়ার্ডের ১ কিলোমিটার রাস্তাটি সংস্কারের অভাবে তিন গ্রামের প্রায় ৬ হাজার মানুষের দুর্ভোগ পোহাতে হতো।

আজ শুক্রবার সকাল ১০ টায় সীমান্ত ইউনিয়ন জামায়েত ইসলামের উদ্যোগে জামায়াতের নেতাকর্মীরা গ্রামবাসীর সহযোগিতায় রাস্তাটির সংস্কার করেন। জামায়াত ইসলামের নেতাকর্মীদের সূত্রে জানা যায়,সীমান্ত ইউনিয়ন ২নং ওয়ার্ডের গোয়ালাপাড়া প্রাইমারি স্কুলের পাশ হতে এক কিলোমিটার রাস্তা বছরের পর বছর সংস্কারের অভাবে চলাচলে অনুপযোগী হয়ে পড়ে।

যার কারণে তিন গ্রামের মানুষসহ দুইটা প্রাইমারি স্কুল, তিনটা মাদ্রাসা, একটি বিনোদন কেন্দ্রে প্রতিদিন কয়েক হাজার মানুষ চলাচল করে। কিন্তু সংস্কারের অভাবে রাস্তাটি চলাচলের অনুপযোগী হাওয়াই প্রায় ৬ হাজার মানুষের দুর্ভোগ পোহাতে হচ্ছে।বিষয়টি জামায়াত ইসলামের নেতাকর্মীদের নজরে এলে তাঁরা বারবার কর্তৃপক্ষকে বলার পরেও রাস্তাটি সংস্কার হয় না। ফলে সবাই মিলে ইট-বালু দিয়ে রাস্তা সংস্কার করে, মানুষের জন্য চলাচলের উপযোগী করে তোলেন।এসময় উপস্থিত ছিলেন, সীমান্ত ইউনিয়ন আমির মাওলানা মোঃ আবু বক্কর সিদ্দিক, সেক্রেটারী আলা উদ্দীন, সহসেক্রেটারী মোঃ জালাল উদ্দীন, সহসেক্রেটারী মোঃ জহুর আলম, আরো উপস্তিত ছিলেন সীমান্ত ইউনিয়নের ২নং ওয়ার্ড নেতৃবৃন্দ।

জীবননগর সীমান্ত ইউনিয়ন বিএনপির কর্মী সমাবেশ

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের ২নং ওয়াড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল ৩টার সময় সীমান্ত ইউনিয়নের ২নং ওয়াড বিএনপির আয়োজনে গোয়ালপাড়া সিরাজ মিয়ার বাড়ির সামনে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক মেম্বার আব্দুস সামাদের সভাপতিত্বে কর্মী সমাবেশ সংস্থানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শাজাহান আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ৪ নাম্বার সীমান্ত ইউনিয়ন বিএনপির সভাপতি ওসমান গনি, সাধারণ সম্পাদক বদর উদ্দিন বাদল, সহ-সভাপতি বিপ্লব রহমান, সাংগঠনিক সম্পাদক আইয়ুব আলী, যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাসান টিটু, ২নং ওয়াড বিএনপির সভাপতি হাফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সহ-সভাপতি শহীদ মন্ডল, সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সুমন মোল্লা, সীমান্ত ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি শামীম রেজা প্রমুখ।

আওয়ামীলীগ সরকার ক্ষমতায় এলে দেশে উন্নয়ন হয়–এমপি টগর

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের নেতাকর্মীদের সাথে মতবিনিময় করলেন এমপি টগর।

সোমবার বিকাল ৩টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের ৬নং ওর্য়াড আওয়ামীলীগের আয়োজনে ধান্যখোলা গ্রামে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী আব্দুল মালেক মোল্লার

সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন,বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আশার পর থেকে দেশের রাস্তা ঘাট, স্কুল, কলেজ, মসজিদ, মাদরাসা, মন্দির সব স্থানে উন্নয়নের ছোয়া লেগেছে জীবননগর উপজেলার প্রতিটি গ্রামের রাস্তা পিচ করা হয়েছে গ্রামের চিত্র এখন পরিবর্তন হয়ে গেছে প্রধান মন্ত্রী শেখ হাসিনার কথা গ্রাম হবে শহর সেই প্রতিশ্রতি এখন বাস্তবায়ন হয়েছে প্রতিটি গ্রাম এখন শহরে পরিনত হয়েছে। গ্রামের রাস্তার পাশে অন্ধকার দুর করার জন্য স্থাপন করা হয়েছে সোলার লাইট, পানি নিস্কাশনের জন্য ড্রেন, কালভার্ট তৈরি করা হয়েছে। দেশের মানুষ এখন আর কেউ না খেয়ে থাকে না।

বিএনপি, জামায়াতের মিথ্যা প্রতিশ্রতিতে মানুষ আর ভিজবে না বিএনপি দেশের মানুষের যে প্রতিশ্রতি দিয়েছিল তা সম্পন্ন মিথ্যা তাদের আমলে দেশের মানুষ না খেয়ে অনাহারে দিন যাপন করতো। কিন্তু জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা জননেন্ত্রী শেখ হাসিনা দেশের মানুষের কাছে যে প্রতিশ্রতি দিয়েছিল সেই প্রতিশ্রতি রেখেছে। তাই আসুন আমরা সবাই ঐক্যবদ্ধ হয়ে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করে গড়ে তুলি। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আওয়ামীলীগ নেতা মোঃ মিঠু।

জীবননগর সীমান্ত ইউনিয়ন আ.লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে সীমান্ত ইউনিয়নের যাদুবপুর সরকারি প্রাথামিক বিদ্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মালেক মোল্লার সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন যুবলীগের সভাপতি ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

সভায় বক্তারা এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ করায় সংসদ সদস্য আলী আজগার টগরের প্রশাংসা করেন। তাঁরা এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের দাবি জানান।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য আলী আজগার টগর বলেন, এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের জন্য কথা দেন।এবং তিনি আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড এলাকার সাধারন জনগনের মধ্যে তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন সীমান্ত ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সেকেন্দার আলী।